বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৫.১১.০০৩.২৪-৭৮২৫

তারিখ: ৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ
১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ

**প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী**

বিআরডিবি'র শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত স্মারক নং-৭২৫১ তারিখ: ১১.০৭.২০২৪ খ্রি. মূলে গত ১২ জুলাই ২০২৪ তারিখ 'প্রতিদিনের সংবাদ' এবং ১৩ জুলাই ২০২৪ তারিখ 'দৈনিক ইত্তেফাক' ও 'ডেইলি অবজারভার' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ সংশোধন/প্রতিস্থাপন করা হলো:

১) প্রকাশিত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১(ক) এর (ii) ও (iii) এ বর্ণিত আবেদনের শেষ তারিখ ও সময় ১৪.০৮.২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার পরিবর্তে ৩১.০৮.২০২৪ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা হবে।

২) প্রকাশিত বিজ্ঞপ্তির ১১ নং অনুচ্ছেদে বর্ণিত অংশটুকু নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপিত হবে:

''নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ এর নির্দেশনা অনুসরণ করা হবে। এ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারের সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।"

এ বিজ্ঞপ্তি পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী হিসেবে গণ্য হবে এবং বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি ও বিআরডিবি'র স্মারক নং-৭৩৮৮ তারিখ: ১৫.০৭.২০২৪ খ্রি. মূলে গত ১৬ জুলাই ২০২৪ তারিখ উল্লিখিত দৈনিক পত্রিকাসমূহের প্রকাশিত সংশোধনীর অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

৩১/০৭/২০২৪

ড. মোঃ মোকতার হোসেন
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
০১ নং নিয়োগ ও পদোন্নতি কমিটি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০১১৬৯৭

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৫.১১.০০৫.২৪-৭৬৮৮

তারিখ: ১৬ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ
৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

**প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী**

গত ১১.০৭.২০২৪ খ্রি. তারিখে বিআরডিবি'র শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের জন্য ৭২৫১ সংখ্যক স্মারকমূলে জারীকৃত বিজ্ঞপ্তির ২নং এবং ৭২৫২ সংখ্যক স্মারকমূলে জারীকৃত বিজ্ঞপ্তির ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত বয়স নির্ধারণ সংক্রান্ত অনুচ্ছেদসমূহ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

''সকল পদে প্রার্থীর বয়স ১৫.০৭.২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত। বয়স সম্পর্কিত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।"

এ বিজ্ঞপ্তি প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিসমূহের সংশোধনী হিসেবে গণ্য হবে এবং বিজ্ঞপ্তিসমূহের অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

১৬/০৭/২০২৪

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

**মোঃ শহিদুল ইসলাম এনডিসি**
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০১১৬৯৭

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৫.১১.০০৩.২৪-৭২৫৭

তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ
২৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটভুক্ত শূন্য পদে অস্থায়ীভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে **http://brdb.teletalk.com.bd** ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন ব্যতীত কোনো প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র.নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ৯ম গ্রেড<br>২২০০০-৫৩০৬০/- | ২৩ | ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণির স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণির ০৪ বছর মেয়াদের স্নাতক (সম্মান) ডিগ্রি |
| ০২ | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১০ম গ্রেড<br>১৬০০০-৩৮৬৪০/- | ৬৫ | স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদের স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ০৩ | গবেষণা কর্মকর্তা | ১০ গ্রেড<br>১৬০০০-৩৮৬৪০/- | ০২ | অর্থনীতি বা পরিসংখ্যানে মাস্টার্স ডিগ্রি। |

**শর্ত ও নিয়মাবলী:**

০১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতি:

ক. আবেদন **http://brdb.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.০৭.২০২৪ খ্রিস্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪.০৮.২০২৪ খ্রিস্টাব্দ, বিকাল ০৫:০০ ঘটিকা।

iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১৪.০৮.২০২৪ খ্রিস্টাব্দ, বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

iv) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

i) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তাঁর সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

ii) Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তির ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৯ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৬৬৯ (ছয়শত উনসত্তর) টাকা এবং ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৫৮ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৫৮ (পাঁচশত আটান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থায় গৃহীত হবে না।

**প্রথম SMS**: **BRDB**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BRDB ABCDEF & send to 16222**

**Reply**: Applicant's Name, TK-669/558 will be charged as application fee. Your PIN is 12345678, to pay fee Type **BRDB**<space>**Yes**<space>**PIN** and Send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS**: **BRDB**<Space>**Yes**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BRDB Yes 12345678**

**Reply:** Congratulations Applicant's Name. Payment Completed Successfully for **BRDB** Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://brdb.teletalk.com.bd** এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i) User ID জানা থাকলে **BRDB**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BRDB Help User ABCDEF & Send to 16222

ii) PIN Number জানা থাকলে **BRDB**<Space>**Help**<Space>**PIN** <Space>**PIN No** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BRDB Help PIN 1234567 & Send to 16222

ঝ. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর ওয়েবসাইটে **(www.brdb.gov.bd)** নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তিসহ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বরে কল করে সহযোগিতা নেওয়া যাবে। এছাড়াও alljobs.query@teletalk.com.bd, vas.query@teletalk.com.bd, ddadmn1@brdb.gov.bd এবং adper3@brdb.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail-এর Subject-এ Organization Name: BRDB, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

০২। সকল পদে প্রার্থীর বয়স ১৫.০৭.২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে।

০৩। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থায় কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। এক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৪। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ'তে বর্তমানে কর্মরত কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে পারবেন এবং এক্ষেত্রে তাদের বয়সসীমা শিথিলযোগ্য হবে। তবে তাদের বয়স অবশ্যই সরকারি অবসর গমনের বয়স অপেক্ষা কম হতে হবে এবং চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের দাপ্তরিক তথ্য যাচাই করা হবে। এক্ষেত্রে তাঁরা চূড়ান্তভাবে নির্বাচিত হয়ে নিয়োগপ্রাপ্ত হলে তাদের প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ'র চাকরিকাল গণনায় আসবে না। উল্লেখ্য, আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের ক্ষেত্রে বর্ণিত বয়স শিথিলের বিষয়টি প্রযোজ্য নয়।

০৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

০৬। প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য বিআরডিবি'র ওয়েবসাইট (www.brdb.gov.bd) এবং SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) মোবাইল নম্বরে যথাসময়ে জানানো হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.brdb.gov.bd ওয়েবসাইটে এবং http://brdb.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

০৮। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে এবং শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি উল্লেখ করা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এছাড়াও নিয়োগের পূর্বে ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১০। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না এবং আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোনো স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

১১। এ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১২। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

২২/০৭/২০২৪

**মোঃ শহিদুল ইসলাম এনডিসি**
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
০১ নং নিয়োগ ও পদোন্নতি কমিটি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০১১৬৯৭